

224247 - কুরবানীর পশুর জবাই দেখতে পারেন না

প্রশ্ন

যে ব্যক্তি কুরবানীর ঈদের পশু জবাই দেখতে পারে না তার হুকুম কি? কেননা এ দেখাটা তাকে প্রভাবিত করে; যদিও সে স্বীকার করে যে, একটি আল্লাহর নৈকট্যশীল মহন আমল।

প্রিয় উত্তর

নিজের কুরবানীর পশু ব্যক্তি নিজে জবাই করাটা উত্তম। যদি সে তা করতে না পারে কিংবা করতে না চায় তাহলে অন্যকে দায়িত্ব দিয়ে নিজে জবাই-এ উপস্থিত থাকায় কোন অসুবিধা নাই। যদি সেটা করতে না পারে কিংবা করতে না চায় তাহলে জবাই অনুষ্ঠানে না থাকলেও কোন অসুবিধা নাই।

কেননা কুরবানীর পশু অন্যকে জবাই করার দায়িত্ব দেয়া জায়েয— এতে আলেমদের কোন মতভেদ নেই। আর জবাই এর অনুষ্ঠানে উপস্থিত থাকা মুস্তাহাব; ওয়াজিব নয়।

ইবনে কুদামা (রহঃ) বলেন: “যদি নিজ হাতে জবাই করে তাহলে সেটা উত্তম। কেননা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সাদাকালা ডোরাকাটা লম্বা শিংওয়ালা দুইটি ভেড়া দিয়ে কুরবানী করেছেন। তিনি সে দুটোকে নিজ হাতে জবাই করেছেন। বিস্মিল্লাহ পড়েছেন। আল্লাহ আকবার বলেছেন। সে দুটোর ঘাড়ের পার্শ্বদেশের উপর পা রেখেছেন। এবং তিনি তাঁর হজ্জ আদায়কালে ৬৩টি উট নিয়ে গেছেন; যেগুলো তিনি নিজ হাতে নহর (রক্তপাত) করেছেন।

আর যদি কেউ অন্যকে জবাই এর দায়িত্ব দেয় তাহলে সেটা জায়েয। কেননা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ৬৩টি উটের পর বাকীগুলো নহর করার জন্য অন্যকে দায়িত্ব দিয়েছিলেন। এ নিয়ে আলেমদের মাঝে কোন মতভেদ নেই। আর কুরবানীর পশুর জবাই -এ উপস্থিত থাকা মুস্তাহাব।”[আল-মুগনী (১৩/৩৮৯-৩৯০) থেকে সংক্ষেপে সমাপ্ত]

স্থায়ী কমিটির ফতোয়াসমগ্র (১০/৪৪১) এসেছে:

“কুরবানীটি যদি নফল হয় তাহলে এর সওয়াব যার যার জন্য নিয়ত করা হয় তাকে তাকে অন্তর্ভুক্ত করবে। এমনকি যদি সে ব্যক্তি উপস্থিত না থাকে তবুও। যেহেতু নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: “আমলসমূহ নিয়তের উপর নির্ভরশীল। এবং প্রত্যেক ব্যক্তি যা নিয়ত করে সেটা সে পাবে।”[সমাণ্ড]

আরও অধিক জানতে দেখুন: 175475 নং প্রশ্নোত্তর।

আল্লাহ্ই সর্বজ্ঞ।